


বিজিএ/এডমিন(এইচআর)/২০২৬/৩৫২৩

০৫ এপ্রিল ২০২৬

বিজ্ঞপ্তি

বিশ্বজুড়ে জ্বালানি সংকট ও মধ্যপ্রাচ্যে যুদ্ধের প্রভাবে উদ্ভূত পরিস্থিতিতে বিদ্যুৎ ও জ্বালানী সংকট মোকাবেলায় বাংলাদেশ সরকার দেশের সকল সরকারী ও বেসরকারী অফিস সময়সূচি পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত সকাল ৯:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করে প্রজ্ঞাপন জারী করেছে।

২। সুতরাং, বৈশ্বিক জ্বালানি সংকটের প্রেক্ষাপট বিবেচনায় বিদ্যুৎ ও জ্বালানি সাশ্রয়ের লক্ষ্যে বিজিএমইএ ম্যানেজমেন্টের সিদ্ধান্ত মোতাবেক বিজিএমইএ'র ঢাকা ও চট্টগ্রাম অফিসের কার্যক্রম পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত সকাল ৯:০০ ঘটিকা হইতে বিকাল ৪:০০ ঘটিকা পর্যন্ত নির্ধারণ করা হলো। উল্লেখ্য, বিজিএমইএ'র সম্মানিত সদস্যগণকে ইউডিসহ অন্যান্য জরুরী প্রয়োজনীয় সেবা প্রদানের লক্ষ্যে উল্লেখিত সময়সূচির পরও বিজিএমইএ'র কাস্টমস, সিএমসি, শ্রম এবং ফায়ার এন্ড সেফটি শাখার শাখা প্রধানগণ তাঁদের নিজ নিজ শাখার প্রয়োজনীয় সংখ্যক জনবল দিয়ে অনলাইন সেবা/কার্যক্রম চালু রাখবেন।



মেজর মোঃ সাইকুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)
ভারপ্রাপ্ত সচিব

বিতরণ : সকল কর্মকর্তা/কর্মচারী (ঢাকা ও চট্টগ্রাম অঞ্চল)

অনুলিপি :

- ১। বিজিএমইএ'র সম্মানিত সকল সদস্য (সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ২। পিএস টু প্রেসিডেন্ট / পিএস টু অফিস বেয়ারারস
- ৩। অফিস কপি।